



Brad Hazzard
Minister for Health

প্রেস বিজ্ঞপ্তি

মঙ্গলবার, ৫ জুলাই ২০২২

সর্বশেষ কোভিড -১৯ সম্পর্কিত নিউ সাউথ ওয়েলসের তথ্যাবলী

নিউ সাউথ ওয়েলসের প্রত্যেককে তাদের কোভিড-১৯ ভ্যাকসিনেশন (সর্ব শেষ ডোজ) নেওয়ার জন্য এবং ওমিক্রন **BA.4** এবং **BA.5** (Omicron BA.4 and BA.5 subvariants) সাবভেরিয়েন্টের সংক্রমণে আক্রান্তের সংখ্যা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ইনফেকশনের বর্তমান চেউ রোধে কোভিড-নিরাপদ অনুশীলন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

অবিলম্বে আরও বেশী লোককে যদি বুস্টার না দেওয়া হয় এবং কোভিড-নিরাপদ অনুশীলন না করা হয় তবে গুরুতর অসুস্থতার সংখ্যা এবং মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধির আশঙ্কা রয়েছে।

স্বাস্থ্য মন্ত্রী ব্র্যাড হ্যাজার্ড বলেছেন পরিসংখ্যানে দেখা যাচ্ছে যে এই বছর কোভিড-সম্পর্কিত মৃত্যুর হার ৫৬ শতাংশ (১,২৩২) এমন লোকদের মধ্যে যাদের দুই বা তার কম ডোজ দেওয়া ছিল।

“আমরা ওমিক্রনের তৃতীয় চেউ (আক্রমণ)এর শুরুতে আছি যা জুলাইয়ের শেষে বা আগস্টের শুরুতে শীর্ষে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে। যাদের ভ্যাকসিন ডোজের সবগুলো দেওয়া হয় নাই, কমিউনিটি ট্রান্সমিশনের এই বৃদ্ধির কারণে, তাদের ঝুঁকির মাত্রা অনেক বেড়ে যায়,” বলেছেন জনাব হ্যাজার্ড।

“গুরুতর অসুস্থতা বা আরও খারাপ হওয়া থেকে নিজেকে রক্ষা করার সর্বোত্তম উপায় হল আপনার জন্য পাওয়া যাওয়া ভ্যাকসিন নিয়ে নেওয়া।”

ন্যাশনাল সেন্টার ফর ইমুনাইজেশন রিসার্চ এন্ড সার্ভিলেন্সের তথ্য অনুযায়ী আপনার যদি ভ্যাকসিনের সবগুলো ডোজ নিয়ে নেওয়া হয়ে থাকে, তবে ওমিক্রন (Omicron) দ্বারা আক্রান্ত হয়ে আপনার হাসপাতালের ভর্তি হওয়ার বা মৃত্যুর বিরুদ্ধে আপনাকে ৬৫ শতাংশের বেশী সুরক্ষা দেয়।

নিউ সাউথ ওয়েলসের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ড. কেরী চ্যান্ট বলেছেন একটি বুস্টার ডোজের জন্য বুকিং করার পাশাপাশি জনসাধারণের সাধারণ জ্ঞান অনুশীলন করা উচিত এবং জন সমাবেশ হয় এমন ঘরোয় কোন পরিবেশে মাস্ক পরা উচিত, যেখানে শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়।

“মুখের মাস্ক, নিয়মিত হাত ধোঁত করা, অসুস্থ হলে বাড়ীতে থাকা, উপসর্গ দেখা দিলে টেস্ট করা, শারীরিক দূরত্ব বজায় রাখা, এই সব ব্যবস্থা আমাদের কাছে নতুন নয়,” বলেছেন ড. চ্যান্ট।

“আমরা যদি সবাই একত্রে এইগুলো না মেনে চলি, তাহলে এই (কোভিড-১৯) নতুন চেউ স্কুল ও ব্যবসা প্রতিষ্ঠানে **BA.1** এর মত মারাত্মক আঘাত হানবে, যখন হাজার হাজার কর্মীর অনুপস্থিতি দেখেছিলাম।”

বয়স্ক লোকজন এবং যাদের অন্তর্নিহিত স্বাস্থ্যগত সমস্যা রয়েছে, তারা যদি কোভিড-১৯ দ্বারা সংক্রমিত হয়, তবে তাদের জিপি বা স্বাস্থ্য বিষয়ক পেশাদারদের সাথে এন্টিভাইরাল মেডিকেশন নিয়ে আলোচনা করার কথা স্মরণ করিয়ে দেয়া হচ্ছে। উপসর্গ শুরু হওয়ার পাঁচদিনের মধ্যে

গ্রহন করলে এন্টিবাইয়ালগুলো ভাল কাজ করে।

কোভিড-১৯ এর [বুস্টার ডোজ \(booster doses\)](#) ১৬ বছর বা তার চেয়ে বেশী বয়সের লোকজনের জন্য সুপারিশ করা হচ্ছে, যারা প্রাথমিক কোর্সের শেষ ডোজটি কমপক্ষে তিন মাস আগে নিয়েছেন।

আপনার নিকটস্থ ভ্যাকসিন ক্লিনিকের জন্য, [t nsw.gov.au](https://nsw.gov.au) এ ভিজিট করুন।

মিডিয়া: নিকোলেট কোরমেন্ডি | ০৪২৯ ০৬৪ ৮৯৭